স্বপ্ন দেখি বিগত বিকেলের

কৃষ্ণচূড়া আর পলাশের আগুনে জ্বলে এক অসম্ভবের দিকে চলে গেলে তুমি। সে আগুনের লাল বিকেল আকাশের মেঘে ছড়িয়েছিলো। ঢেকে গিয়েছিলো চাঁদ ছাই ছাই মেঘে। অনিবার্য বৃষ্টিতে ভিজেছিলো ঘাসফুল, রাজহাঁস। কোকিল একটানা কতক্ষণ ডেকেছিলো মনে নেই। অথচ দ্বিধান্বিত আমি জীর্ণতার সম্ভাবনায় বিচলিত হয়ে তোমাকে সেদিন হারিয়েছিলাম।

বিকেল আকাশের মেঘ এখনো এসে থমকে দাঁড়ায় আমার জানালায়। একান্ত অসহায় কেউ কেউ এবং আমিও। জীবনের শান্ত নির্বাসনে, স্বপ্ন দেখি বিগত বিকেলের। দু'চোখ রেখেছি নীলিমায়। আর হৃদয়ে শ্রাবণ। পায়ে পায়ে হারিয়ে গেছে যে জলরঙ স্বপ্ন, তাকে কুড়াবো আবার।

আমি নই তোমার কোমল মৃত্তিকা

অস্পষ্ট কুয়াশা নিয়ে তুমি এক আশ্চর্য সকাল, হেঁটে গেলে। অথবা সুঁতোকাটা ঘুড়ির মতো দৃষ্টির সীমানা থেকে অপসৃত হলে দূর থেকে দূরে, বহুদূরে। আমি যে পথে দাঁড়িয়ে ছিলাম, সে পথেই দাঁড়িয়ে আছি। সে পথেই দাঁড়িয়ে থাকবো। বলাকার শান্তি, আকাশের প্রাচুর্য আর নীলিমার বিশ্বাস নিয়ে একটি সত্যের মধ্যে হঠাৎ জাগ্রত আমি আজ প্রতিটি ব্যাপার বুঝে নিতে চাই।

আমি নই তোমার কোমল মৃত্তিকা। হবোও না কখনো। ঘাসফুল রঙ প্রতিটি ভোরে আমিও বেঁচে উঠতে চাই, তবু শুধু বেঁচে থাকার জন্যে জীবনকে আমি কোনোদিন আর তুলে দিতে চাইনা খুব অনিবার্য কোনো মিমাংসার হাতে।